রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
লিয়াজোঁ অফিস
বাড়ি # ৬৫/এ(৫-বি), রোড # ৬/এ
ধানমন্ডি, ঢাকা ১২০৯

Rabindra University, Bangladesh
E-mail : rabindrauniversity2017@gmail.com
Web Site : www.rub.ac.bd

স্মারক : রবি/প্রশা/পদ সৃজন/০৯/২০১৭/১৭৬ তারিখ : ১৯.০২.২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর নিম্নোক্ত শূন্য পদসমূহে নিয়োগের উদ্দেশ্যে নিম্নলিখিত শর্তাদি পূরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	পদের নাম, বেতন স্কেল, পদের সংখ্যা ও বয়স	সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	রেজিস্ট্রার বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০/- পদের সংখ্যা : ০১ বয়স : ন্যূনতম ৪৫ (পঁয়তাল্লিশ) বছর	ক. স্বীকৃত কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে যে-কোনো বিষয়ে ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ. শিক্ষা জীবনে ন্যূনতম একটি প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে এবং কোনো স্তরেই ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ. পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রথম শ্রেণির কর্মকর্তা পদে কমপক্ষে ১৫ (পনেরো) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে অতিরিক্ত রেজিস্ট্রার বা সমমানের পদে ২৫৭৫০-৩৩৭৫০/- (জাঃ বেঃ স্কেল ২০০৯) বেতনক্রমে দুই বছরের অভিজ্ঞতাসহ ২২২৫০-৩১২৫০/- বেতনক্রমে উপ-রেজিস্ট্রার বা সমমানের পদে কমপক্ষে ছয় বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, উপ-রেজিস্ট্রার বা সমমানের পদে ন্যূনতম আট বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
২	পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বেতন স্কেল : ৫৬৫০০-৭৪৪০০/- পদের সংখ্যা : ০১ বয়স : ন্যূনতম ৪৫ (পঁয়তাল্লিশ) বছর	ক. স্বীকৃত কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে যে-কোনো বিষয়ে ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। খ. শিক্ষা জীবনে ন্যূনতম একটি প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে এবং কোনো স্তরেই ৩য় বিভাগ/শ্রেণি/ সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ. পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রথম শ্রেণির কর্মকর্তা পদে কমপক্ষে ১৫ (পনেরো) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে অতিরিক্ত পরিচালক বা সমমানের পদে ২৫৭৫০-৩৩৭৫০/- (জাঃ বেঃ স্কেল ২০০৯) বেতনক্রমে তিন বছরের অভিজ্ঞতাসহ ২২২৫০-৩১২৫০/- বেতনক্রমে উপপরিচালক বা সমমানের পদে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। অথবা, উপপরিচালক বা সমমানের পদে ন্যূনতম আট বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৩	উপপরিচালক (অর্থ ও হিসাব) বেতন স্কেল : ৪৩০০০-৬৯৮৫০/- পদের সংখ্যা : ০১ বয়স : অনূর্ধ্ব ৪০ (চল্লিশ) বছর	ক. স্বীকৃত কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত বিষয়সমূহ/ব্যবসায় প্রশাসন/ অর্থনীতিতে ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ. শিক্ষা জীবনে ন্যূনতম একটি প্রথম বিভাগ/ শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে এবং কোনো স্তরেই ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ. পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রথম শ্রেণির কর্মকর্তা পদে কমপক্ষে ১০ (দশ) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে ১৫০০০-২৬২০০/- (জাঃ বেঃ স্কেল ২০০৯) বেতনক্রমে সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) বা সমমানের পদে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৪	সহকারী রেজিস্ট্রার বেতন স্কেল : ২৯০০০-৬৩৪১০/- পদের সংখ্যা : ০১ বয়স : অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর	ক. স্বীকৃত কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে যে-কোনো বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ. শিক্ষা জীবনে ন্যূনতম একটি প্রথম বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে এবং কোনো স্তরেই ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ. পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রথম শ্রেণির কর্মকর্তা পদে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৫	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বেতন স্কেল : ২৯০০০-৬৩৪১০/- পদের সংখ্যা : ০১ বয়স : অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর	ক. স্বীকৃত কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে যে-কোনো বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি বা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। খ. শিক্ষা জীবনে ন্যূনতম একটি প্রথম বিভাগ/ শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে এবং কোনো স্তরেই ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ. পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রথম শ্রেণির কর্মকর্তা পদে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
৬	একান্ত সচিব বেতন স্কেল : ২৯০০০-৬৩৪১০/- পদের সংখ্যা : ০১ বয়স : অনূর্ধ্ব ৩৫ (পঁয়ত্রিশ) বছর	ক. স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় থেকে যে-কোনো বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি/ সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ. শিক্ষা জীবনে ন্যূনতম একটি প্রথম বিভাগ/ শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে এবং কোনো স্তরেই ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ. সরকারি/স্বায়ত্তশাসিত/জাতীয় পর্যায়ে স্বীকৃত প্রতিষ্ঠানে কর্মকর্তা পর্যায়ে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ঘ. প্রার্থীদের বাংলা ও ইংরেজি ভাষায় দক্ষতা থাকতে হবে।

১৯.০২.২০১৮

ক্রমিক	পদের নাম, বেতন স্কেল, পদের সংখ্যা ও বয়স	সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
৭	পাবলিক রিলেশন অফিসার বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/- পদের সংখ্যা : ০১ বয়স : অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	ক. স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় থেকে গণযোগাযোগ/ সাংবাদিকতা/ফিল্ম ও মিডিয়া স্টাডিজ/ নাট্যকলা/ সংগীত বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ. শিক্ষা জীবনে ন্যূনতম একটি প্রথম বিভাগ/ শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে এবং কোনো স্তরেই ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ. পাবলিক বিশ্ববিদ্যালয়ে গণযোগাযোগ ও সাংবাদিকতায় অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে। ঘ. প্রার্থীদের বাংলা ও ইংরেজি ভাষায় দক্ষতা থাকতে হবে।
৮	হিসাবরক্ষণ কর্মকর্তা বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/- পদের সংখ্যা : ০১ বয়স : অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	ক. স্বীকৃত কোনো পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত বিষয়সমূহ/ব্যবসায় প্রশাসন/অর্থনীতিতে ন্যূনতম ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ. শিক্ষা জীবনে ন্যূনতম একটি প্রথম বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ থাকতে হবে এবং কোনো স্তরেই ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। গ. পাবলিক বিশ্ববিদ্যালয়ে হিসাব সংক্রান্ত কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।
৯	সেকশন অফিসার বেতন স্কেল : ২২০০০-৫৩০৬০/- পদের সংখ্যা : ০২ বয়স : অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	ক. স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় থেকে যে-কোনো বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণি/সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ. শিক্ষা জীবনে ন্যূনতম একটি প্রথম বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ থাকতে হবে এবং কোনো স্তরেই ৩য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ গ্রহণযোগ্য নয়। গ. পাবলিক বিশ্ববিদ্যালয়ে প্রশাসনিক ও অফিস ব্যবস্থাপনা কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা যেতে পারে।

অন্যান্য শর্ত :

১. প্রার্থীর নাম, মাতার নাম, পিতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, নিজ জেলা, জন্ম তারিখ, বয়স (১৫.০৩.২০১৮ তারিখে), জাতীয়তা, ধর্ম, সেল নম্বর, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক রেজিস্ট্রার, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, (লিয়াজোঁ অফিস : বাসা # ৬৫/এ (৫-বি), রোড # ৬/এ, ধানমণ্ডি, ঢাকা ১২০৯) বরাবর আবেদন করতে হবে।

২. সকল পরীক্ষায় উত্তীর্ণ সনদ, অভিজ্ঞতার সনদ, ইউনিয়ন কাউন্সিল/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিকত্বের সনদ, জাতীয় পরিচয়পত্র, সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ কপি রঙিন ছবিসহ সকল সনদের সত্যায়িত অনুলিপি সম্বলিত ০৮ (আট) সেট আবেদনপত্র দাখিল করতে হবে।

৩. আবেদনপত্রের সাথে **'রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ'**-এর অনুকূলে ১ থেকে ৩ ক্রমিকের পদের জন্য ৮০০/- (আটশত) টাকা এবং ৪ থেকে ৯ ক্রমিকের পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে (অফেরতযোগ্য)। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

৪. প্রার্থীদের অবশ্যই পদের নাম ও বর্তমান ঠিকানাসহ ১০/- টাকার অব্যবহৃত ডাকটিকেট সম্বলিত একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৫. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬. সরকারি নিয়মানুযায়ী যাবতীয় কোটা সংরক্ষণ করা হবে।

৭. আবেদনপত্র আগামী ১৫.০৩.২০১৮ তারিখের মধ্যে রেজিস্ট্রার, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (লিয়াজোঁ অফিস : বাসা # ৬৫/এ (৫-বি), রোড # ৬/এ, ধানমণ্ডি, ঢাকা ১২০৯) বরাবর ডাকযোগে বা হাতে হাতে পৌঁছাতে হবে। আবেদনপত্রের খামের উপর **পদের নাম** লিখতে হবে।

৮. মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রার্থীর বয়স ৭ থেকে ৯ ক্রমিকের পদের জন্য সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। প্রার্থীর বয়স প্রমাণের ক্ষেত্রে স্বীকৃত শিক্ষাবোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ সনদে লিপিবদ্ধ জন্ম তারিখ প্রকৃত জন্ম তারিখ হিসেবে গণ্য করা হবে। বয়স সংক্রান্ত কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৯. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতি/নাতনি হলে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার সনদের (সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত বা প্রতিস্বাক্ষরিত) অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১০. উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রদত্ত উপজাতি-বিষয়ক সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যথোপযুক্ত অফিসার কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে।

১১. বিদেশি বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশি বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) হতে ইস্যুকৃত সমমানের সনদ মৌখিক পরীক্ষার সময় অবশ্যই দাখিল করতে হবে।

১২. জিপিএ/সিজিপিএ-তে ফলাফলপ্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/পরিপত্র অনুসরণ করা হবে। পরীক্ষার ফল প্রকাশিত হয়নি, এমন প্রার্থীর আবেদনপত্র বিবেচিত হবে না।

১৩. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। কোনো প্রার্থী নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোনো তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪. নিয়োগের বিষয়ে কোনোপ্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৫. অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা/শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার শর্ত শিথিলযোগ্য। নিয়োগের ক্ষেত্রে অভ্যন্তরীণ প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।

১৬. প্রাপ্ত আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবল যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনোপ্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭. আবেদনকারী প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি অবশ্যই দেখাতে হবে।

১৮. কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে-কোনো আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল এবং এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

১৯/০২/২০১৮

মোঃ সোহরাব আলী
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ